অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/31/2024 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল এবং মেয়র অ্যাডামস স্টেটব্যাপী 1,000 এর বেশি অবৈধ গাঁজা দোকান বন্ধ করার ঘোষণা করলেন

নিউ ইয়র্ক সিটির মাল্টি-এজেন্সি টাস্ক ফোর্স 779টি দোকানে তালা লাগানোর ঘোষণা করেছে, একই সাথে নিউ ইয়র্ক স্টেট গাঁজা বলবৎকরণ টাস্ক ফোর্স স্টেটব্যাপী 230টি দোকান বন্ধ করার ঘোষণা করেছে

সিটি এবং স্টেটের টাস্ক ফোর্স 63 মিলিয়ন মার্কিন ডলার মূল্যমানের অবৈধ মাদক বাজেয়াপ্ত করেছে

নিউ ইয়র্ক সিটির বৈধ গাঁজা দোকানের বিক্রি গড়ে 72 শতাংশ বৃদ্ধি পেয়েছে; বলবৎকরণ কার্যক্রম শুরু করার পর থেকে এক তৃতীয়াংশ দোকান 100 শতাংশের বেশি বৃদ্ধি সম্পর্কে জানিয়েছে

গভর্নর হোকলের অর্থবছর 2025 এর বাজেট অবৈধ দোকান বন্ধ করার জন্য নতুন বলবৎকরণ ক্ষমতা প্রদান করেছে

গভর্নর ক্যাথি হোকল বৈধ খুচরা গাঁজা বিক্রেতাদের বিরুদ্ধে নিউ ইয়র্কের বলবৎকরণ কার্যক্রমের একটি প্রধান মাইলফলক উদযাপন করতে মেয়র এরিক অ্যাডামস এবং নিউ ইয়র্ক সিটির কর্মকর্তাদের সাথে যোগদান করেন। গাঁজা বলবৎকরণ ক্ষমতা সম্প্রসারিত করে গভর্নরের বিধিমালা স্বাক্ষরের পর থেকে নিউ ইয়র্ক সিটি 779টির বেশি অবৈধ দোকানে তালা লাগানোর কথা জানিয়েছে, এবং নিউ ইয়র্ক স্টেট অবৈধ গাঁজা বলবৎকরণ টাস্ক ফোর্স (New York State Illicit Cannabis Enforcement Task Force) পুরো স্টেটে অতিরিক্ত 230টি দোকান বন্ধ করেছে, যার ফলে স্টেটব্যাপী মোট হয়েছে 1,000 এর বেশি।

"এই বছরের শুরুতে আমি পুরো নিউ ইয়র্কে সম্ভাব্য বিপজ্জনক পণ্য, যার মধ্যে বহু পণ্য শিশু ও কিশোরদের জন্য বাজারজাত করা হয়, তা বিক্রয় করা কয়েক হাজার অবৈধ খুচরা গাঁজা বিক্রেতাকে দ্রুত ও স্থায়ীভাবে বন্ধ করে দেওয়ার জন্য নতুন বলবৎকরণ ক্ষমতার প্রণয়ন করি, এবং ফলে পরিশ্রমী, লাইসেন্সধারী দোকানের মালিকদের কাছে এই বিক্রির সুযোগ চলে যায়," **গভর্নর হোকল বলেন।** "এই মাইলফলক উদযাপন করতে এবং স্টেটব্যাপী 1,000 এর বেশি লাইসেন্সহীন দোকান বন্ধ করে দেওয়া বলবৎকরণ দলকে স্বীকৃতি প্রদান করতে মেয়র অ্যাডামস ও অন্যান্য কর্মকর্তাদের সাথে যোগ দিতে পেরে আমি আনন্দিত, এটি দেশের

সবথেকে বলীয়ান, সবথেকে সমতার গাঁজা শিল্পখাত গঠনের আমাদের লক্ষ্যের আরো কাছে আমাদেরকে নিয়ে যাচ্ছে।"

এপ্রিল মাসে গভর্নর হোকল অবৈধ গাঁজা কর্মকাণ্ড বন্ধ করতে এবং বৈধ বাজারকে রক্ষা করতে অর্থবছর 2025 এর প্রণীত বাজেটের অংশ হিসেবে নতুন উদ্যোগ উন্মোচন করেন। পরিকল্পনাটি গাঁজা ব্যবস্থাপনা অফিস (Office of Cannabis Management, OCM) এবং স্থানীয় মিউনিসিপ্যালিটিসমূহকে অবৈধ গাঁজার দোকান এবং সেগুলি সম্ভব করে যারা তাদের বিরুদ্ধে পদক্ষেপ গ্রহণের নতুন কর্তৃত্ব প্রদান করে। বেআইনি গাঁজার বাজারের বিরুদ্ধে মোকাবেলা করার জন্য এই উদ্যোগগুলি এখন পর্যন্ত প্রণীত নীতিগুলির সব চেয়ে শক্তিশালী সেট৷

21 মে তারিখে গভর্নর হোকল গাঁজা বলবৎকরণ টাস্ক ফোর্স শুরু করেন। স্টেট পুলিশের প্রথম ডেপুটি সুপারিন্টেনডেন্টের নেতৃত্বে এই টাস্ক ফোর্সটি হলো অবৈধ গাঁজার বাজারের মোকাবেলা করার জন্য একাধিক এজেন্সির কর্মীদের সমন্বয় করার একটি মুখ্য স্টেটব্যাপী প্রয়াস। স্টেট পুলিশ (State Police), OCM এবং অন্যান্য স্টেট এজেন্সির মধ্যকার সহযোগিতার মাধ্যমে অবৈধ গাঁজা কর্মকাণ্ডের সম্পূর্ণ মাত্রার সামাল দেওয়ার ক্ষমতা টাস্ক ফোর্সের রয়েছে। অবৈধ ডিস্পেন্সারি উচ্ছেদ করতে টাস্ক ফোর্স বাড়িওয়ালাদের সাথে কাজ করেছে, এবং অবৈধভাবে কর্মকাণ্ড পরিচালনা করছে এই বিষয়ে অবগত হওয়ার পরেও ভাড়াটিয়াদের উচ্ছেদ করতে ব্যর্থ হলে বাড়িওয়ালাদের জরিমানা করা হচ্ছে।

এইসব লাইসেন্সবিহীন গাঁজার দোকান বন্ধ করতে স্টেটের প্রতিশ্রুতি বৈধ গাঁজার শিল্পখাতকে সরাসরি প্রভাবিত করছে। 21 মে টাস্ক ফোর্সটি শুরু হওয়ার পর থেকে 230টি অবৈধ গাঁজার দোকানে তালা দেওয়া হয়েছে। পাশাপাশি, OCM এইসব দোকান থেকে 6,000 পাউন্ডের বেশি অবৈধ পণ্য বাজেয়াপ্ত করার কথা জানিয়েছে। নিয়ন্ত্রক পরিদর্শন সম্পাদন করার কর্তৃত্ব প্রদান করে গভর্নর হোকলের আইন স্বাক্ষর করার পর থেকে OCM এবং কর ও অর্থ বিভাগ (Department of Taxation and Finance, DTF) 6,000 পাউন্ডের বেশি অবৈধ পণ্য বাজেয়াপ্ত করেছে যার মূল্য 22 মিলিয়ন মার্কিন ডলার, এর ফলে 2023 সালে মে মাস থেকে স্টেটে 110,000,000 মার্কিন ডলারের বেশি মূল্যমানের মোট 25,000 পাউন্ডের বেশি অবৈধ পণ্য বাজেয়াপ্ত করা হয়েছে।

গাঁজা ব্যবস্থাপনা অফিসের অন্তর্বর্তীকালীন নির্বাহী পরিচালক ফেলিশিয়া এ বি রিড বলেন, "অবৈধ গাঁজা কর্মকাণ্ডের বিরুদ্ধে অভিযানে টাস্ক ফোর্স অতি গুরুত্বপূর্ণ কাজ করেছে। প্রতিদিন OCM এবং স্টেটজুড়ে আমাদের অংশীদারগণ সকলের জন্য একটি ন্যায্য, আরো নিরাপদ, এবং সমতার বাজার গঠনে পরিশ্রম করছে, নিউ ইয়র্কের বৈধ গাঁজার ব্যবসাকে সমর্থন করছে। এইসব মূল্যবোধ বজায় রাখার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম ও সংস্থান দিয়ে টাস্ক ফোর্সকে প্রস্তুত করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি। এছাড়াও আমি টাস্কফোর্সের প্রয়াসের জন্য জনগণের ব্যাপক সমর্থনকে স্বীকৃতি প্রদান করতে চাই, বিশেষ করে যারা অনলাইনে OCM এর ঘটনা রিপোর্ট ফর্মের মাধ্যমে আমাদের সাথে যুক্ত হয়েছে। একত্রে আমরা একটি সমৃদ্ধ, নিয়ন্ত্রিত, এবং অন্তর্ভুক্তিকর গাঁজা বাজার গঠন করতে ও টিকিয়ে রাখতে পারবো।"

এছাড়াও, বলবৎকরণ কার্যক্রম শুরুর পরের 10 সপ্তাহে বৈধ গাঁজা বিক্রি নিউ ইয়র্ক সিটিতে 72 শতাংশ পর্যন্ত বৃদ্ধি পেয়েছে এবং খুচরা বিক্রেতারা জানিয়েছে যে এই সময়কালে সামগ্রিকভাবে 2.6 মিলিয়ন মার্কিন ডলার মুনাফা হয়েছে।

নিউ ইয়র্ক স্টেট অবৈধ গাঁজা বলবৎকরণ টাস্ক ফোর্স কার্যক্রমের দুই মাস পূরণ করেছে এবং দোকান বন্ধ করতে এর স্টেটব্যাপী প্রয়াসকে বলীয়ান করার জন্য তদন্ত ব্যবস্থাপনা, শুনানি, এবং প্রশাসনিক সমর্থনের জন্য কর্মী নিয়োগকে OCM অগ্রাধিকার প্রদান করে যাচ্ছে।

এখন পর্যন্ত OCM পুরো স্টেটে 152টি বৈধ ডিস্পেন্সারি খুলেছে, এবং শুধু এই বছরেই নিউ ইয়র্ক 730টি অতিরিক্ত প্রাপ্তবয়স্কদের ব্যবহারের লাইসেন্স প্রদান করেছে। নিউ ইয়র্কের কৃষকদের উৎপন্ন করা এবং নিউ ইয়র্ক স্টেটের নিয়ন্ত্রিত ব্যবস্থা অনুযায়ী পরীক্ষিত, মোড়কজাতকৃত, এবং লেবেল লাগানো গাঁজা পণ্য বিক্রি করা সকল লাইসেন্সধারী ডিস্পেন্সারির তালিকা দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন